

রিটার্নিং কর্মকর্তার অনুমতি নিয়েই ভোটকেন্দ্রে ঢুকেছি : আবিদ

অনলাইন ডেক্স



রিটার্নিং কর্মকর্তার অনুমতি নিয়ে ভোটকেন্দ্রে ঢুকেছেন বলে

জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)

নির্বাচনে ছাত্রদল প্যানেলের সহ-সভাপতি (ভিপি) প্রার্থী আবিদুল

ইসলাম খান। তিনি বলেছেন, ভোটটা উদযাপন করতে চাই।

অভিযোগ করতে চাই না। রিটার্নিং কর্মকর্তার অনুমতি নিয়েই

ভোটকেন্দ্রে ঢুকেছি।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল ১০টার কিছু আগে বিশ্ববিদ্যালয়ের

কার্জন হলে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

এ সময় ছাত্রদল প্যানেলের আরেক প্রার্থী শেখ তানভীর বারী

হামিম জানান, ভোট শুরুর পর মাত্র ৪৫ মিনিট পার হলেও এখন

পর্যন্ত নির্বাচন শান্তিপূর্ণ পরিবেশে চলছে।



সুষ্ঠু ভোট হলে ফলাফল যা-ই হোক মেনে নেব :
ছাত্রদল সভাপতি

শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, বিশেষ করে অনাবাসিক
শিক্ষার্থীদের উপস্থিতিই পরিস্থিতি বদলে দিতে পারে। তাই
সবাইকে ভোটাধিকার প্রয়োগে কেন্দ্রে আসার আহ্বান জানান
তিনি।

এর আগে এই নির্বাচনে আরেক ভিপি প্রার্থী আবু সাদিক কায়েম
অভিযোগ করেন, ছাত্রদল সমর্থিত প্রার্থী আবিদুল ইসলাম খান
আচরণবিধি লজ্জন করেছেন।